গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন শাখা-৫

৩০-০৮-৯৮ তারিখে এবং ১৪-০৯-৯৮ তারিখে( মুলতবী সভা ) অনুষ্ঠিত জাতীয় পানি পরিষদের নির্বাহী কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

গত ৩০-০৮-৯৮ তারিখ বিকাল ২.০০ টায় পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে জাতীয় পানি পরিষদের নির্বাহী কমিটির ৪র্থ সভা এবং ঐ সভার অসমাপ্ত আলোচনার জন্য গত ১৪-০৯-৯৮ তারিখ বিকাল ৩.০০ টায় একই স্থানে মুলতবী সভা অনুষ্ঠিত হয়। নির্বাহী কমিটির আহ্বায়ক ও পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আব্দুর রাজ্জাক উক্ত উভয় সভায় সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত সদস্যগণের তালিকা যথাক্রমে পরিশিষ্ট-'ক' ও 'খ'-তে সংযুক্ত করা হইল।

২। সভার প্রারম্ভে মাননীয় সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানাইয়া সভার কাজ শুরু করেন এবং আলোচনার সূত্রপাত করার জন্য পানি সম্পদ সচিবকে অনুরোধ করেন। পানি সম্পদ সচিব ডঃ এ,টি,এম, শামসুল হুদা সভাপতির অনুমতিক্রমে আলোচনার সূত্রপাত করিয়া বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় পানি পরিষদের তৃতীয় সভায় অগ্রাধিকারের ভিত্তিতে জাতীয় পানি নীতি প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। দেশের পানি সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করিবার উদ্দেশ্যে প্রণীতব্য জাতীয় পানি নীতি চূড়ান্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে যথাযথ সুপারিশ প্রণয়ন করা এই কমিটির প্রধান কাজের একটি। নির্বাহী কমিটির ৩য় সভার সিদ্ধান্তসমূহের আলোকে ইতোপূর্বের খসড়ায় বিষয়বস্তুগত ও ভাষাগত কতিপয় পরিবর্তন আনায়নসহ কিছু কিছু বাক্য বাদ ও নতুন বাক্য সংযোজনপূর্বক এবং পূর্বেকার খসড়ার "Watershed Management " এর পরিবর্তে সেকশনটি "Planning and Management of Water Resources " নামকরণকরতঃ পুনর্লিখিতভাবে সন্নিবেশিত করিয়া উপস্থাপিত পুনঃসংশোধিত খসড়া জাতীয় পানি নীতি চূড়ান্তকরণের জন্য তিনি সকলকে আহবান জানান।

৩। অতঃপর উপস্থিত সম্মানিত সদস্যগণ খসড়া জাতীয় পানি নীতি পাঠ ও আলোচনায় অংশগ্রহন করেন এবং উপস্থাপিত খসড়া এর "Table of contents" হইতে শুরু করিয়া ১৬ নং পৃষ্ঠার "Stakeholder Participation " সেকশন পর্যন্ত পুংখানুপুংখরূপে পর্যালোচনা করেন। পর্যালোচনাকালে খসড়ায় কিছু কিছু শাব্দিক সংযোজন ,পরিবর্তন ও সংশোধনী প্রস্তাব আনয়ন করা হয় যাহা সর্বসম্মতভাবে অনুমোদিত ও গৃহীত হয় এবং তাৎক্ষনিকভাবে খসড়ার যথাস্থানে অন্তর্ভুক্ত করা হয়। খসড়া জাতীয় পানি নীতির ১৬নং পৃষ্ঠার " Institutional Policy " সেকশনটি ব্যাপক আলোচনাকালে উপস্থিত সদস্যগণ সেকশনটিতে বিবৃত বিষয়বস্তুতে কতিপয় পরিবর্তনের সুপারিশ করেন এবং আলোচনা অনুযায়ী সেকশনটি পুনর্লেখনের পক্ষে মতামত ব্যক্ত করেন।

৪। এই পর্যায়ে সভাপতি মহোদয় সময়াভাবে আলোচনা অসমাপ্ত রাখিয়া সভা মুলতবী ঘোষনা করেন এবং উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

৫। ১৪-০৯-৯৮ তারিখে অনুষ্ঠিত মুলতবী সভার প্রারম্ভে মাননীয় সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানাইয়া সভার কাজ শুরু করেন। পানি সম্পদ সচিব ডঃ এ,টি,এম, শামসুল হুদা সভাপতির অনুমতিক্রমে আলোচনার সূত্রপাত করিয়া খসড়া " জাতীয় পানি নীতি"-এর অনালোচিত " Institutional Policy " সেকশনটির পুনর্লেখিত খসড়াটির অংশ হইতে শুরু করিয়া অবশিষ্ট অংশ উপস্থান করিয়া উহা বিবেচনা ও চূড়ান্তকরণের জন্য সকলকে আহবান জানান।

৬। উপস্থিত সম্মানিত সদস্যগণ খসড়ার প্রতিটি লাইন পাঠ করেন এবং উপস্থাপিত খসড়ায় কতিপয় সংযোজন/পরিবর্তন- এর সুপারিশ করেন যাহা সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয় এবং তাৎক্ষনিকভাবে খসড়ায় অন্তর্ভুক্ত করা হয়।

আলোচনার পর সভায় নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

(১) পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ও সভায় উপস্থাপিত খসড়া " জাতীয় পানি নীতি" আলোচিত এবং সর্বসম্মতভাবে গৃহীত সকল সংযোজন/পরিবর্তন/সংশোধনসহ চূড়ান্ত করা হইল।

(২) নির্বাহী কমিটি কর্তৃক চূড়ান্তকৃত "খসড়া জাতীয় পানি নীতি " অনুমোদনের জন্য অবিলম্বে জাতীয় পানি পরিষদে পেশ করিতে হইবে।।

(৩) ইংরেজীতে প্রণীত "জাতীয় পানি নীতি" এর খসড়া বঙ্গানুবাদ করিয়া ইহার বাংলা সংস্করণ প্রনয়ণ করিতে হইবে ।

৮। পরিশেষে সভাপতি মহোদয় "জাতীয় পানি নীতি" এর খসড়া প্রণয়নে ও চূড়ান্তকরণে মূল্যবান পরামর্শ ও সহযোগিতা প্রদানের জন্য কমিটির সকল সদস্য ও সংশ্লিষ্ট অন্যান্যদের ধন্যবাদ জানাইয়া সভা সমাপ্ত করেন।

স্বাক্ষর/-
( আব্দুর রাজ্জাক )
মন্ত্রী
পানি সম্পদ মন্ত্রণালয়
ও
আহ্বায়ক
নির্বাহী কমিটি

নং-পাসম-৫/৩ক-২/৯৭(ক)/৩৭৩

তারিখ ঃ ২১-০৯-১৯৯৮ ইং
০৬-০৬-১৪০৫ বাং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল ঃ

১। জনাব মোঃ জিল্লুর রহমান,
মাননীয় মন্ত্রী,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

২। বেগম সাজেদা চৌধুরী,
মাননীয় মন্ত্রী,
পরিবেশ ও বন মন্ত্রণালয়।

৩। বেগম মতিয়া চৌধুরী,
মাননীয় মন্ত্রী,
কৃষি মন্ত্রণালয়।

৪। জনাব এ, এম, আনিসুজ্জামান,
মাননীয় প্রধানমন্ত্রীর কৃষি ও খাদ্য বিষয়ক উপদেষ্টা,
প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও,ঢাকা।

৫। জনাব সতীশ চন্দ্র রায়,
মাননীয় প্রতিমন্ত্রী,
মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়।

৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব,
পানি সম্পদ মন্ত্রণালয়।

( মোঃ আবদুর রউফ )
উপ-সচিব(উঃ২)

স্মম-৫/৩ক-২/৯৭(ক)/৩৭৩

তারিখ ঃ ২১-০৯-১৯৯৮ ইং
০৬-০৬-১৪০৫ বাং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল ঃ

১। জনাব এ,এইচ,এম, আবদুল হাই
সচিব, স্থানীয় সরকার বিভাগ।

২। ডঃ এ,টি,এম, শামসুল হুদা
সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।

৩। জনাব আবদুল হামিদ চৌধুরী
সদস্য(কৃষি), পরিকল্পনা কমিশন।

৪। ডঃ এ,এম,এম, শওকত আলী
সচিব, কৃষি মন্ত্রণালয়।

৫। জনাব আইয়ুব কাদরী
সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়।

৬। সৈয়দ মারগুব মোর্শেদ
সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

৭। জনাব এ, কে, এম, শামসুল হক
চেয়ারম্যান, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৮। ডঃ আইনুন নিশাত
অধ্যাপক, প্রকৌশল বিশ্ববিদ্যালয়।

৯। ডঃ এম, মনোয়ার হোসেন
অধ্যাপক, পানি সম্পদ প্রকৌশল বিভাগ,
প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

১০। জনাব এ, কে, এম, হালিমুর রহমান
মহাপরিচালক, ওয়ারপো।

( মোঃ আবদুর রউফ )
উপ-সচিব(উঃ২)
ফোনঃ ৮৬৬২৪০

| পানি সম্পদ পরিকল্পনা সংস্থা | |
|---|---|
| ডায়রি নং [illegible] | তাং [illegible] |
| প্রঃ বৈঃ কর্মকর্তা (পরিঃ) | অতি জরুরী |
| প্রঃ বৈঃ কর্মকর্তা (কারিঃ) | জরুরী |
| সচিব | প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| প্রঃ বৈঃ কর্মকর্তা ([illegible]) | আলোচনা করুন |
| " " " ([illegible]) | পেশ করুন |
| " " " ([illegible]) | [illegible] করুন |
| " " " (কৃষি) | |
| " " " ([illegible]) | |
| " " " ([illegible]) | |
| " " " ([illegible]) | |
| পি, এ | মহাপরিচালক |

২০

পরিশিষ্ট-'ক'

১। বেগম সাজেদা চৌধুরী,
মাননীয় মন্ত্রী,
পরিবেশ ও বন মন্ত্রণালয়।

২। বেগম মতিয়া চৌধুরী,
মাননীয় মন্ত্রী,
কৃষি মন্ত্রণালয়।

৩। জনাব সতীশ চন্দ্র রায়,
মাননীয় প্রতিমন্ত্রী,
মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়।

৪। ডঃ এ,টি,এম, শামসুল হুদা
সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।

৫। ডঃ এ,এম,এম, শওকত আলী
সচিব, কৃষি মন্ত্রণালয়।

৬। জনাব আইয়ুব কাদরী
সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়।

৭। সৈয়দ মারগুব মোর্শেদ
সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

৮। জনাব এ, কে, এম, শামসুল হক
চেয়ারম্যান, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৯। ডঃ এম, মনোয়ার হোসেন
অধ্যাপক, পানি সম্পদ প্রকৌশল বিভাগ,
প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

১০। জনাব এ, কে, এম, হালিমুর রহমান
মহাপরিচালক, ওয়ারপো।

বিঃ দ্রঃ- উল্লিখিত সদস্যবর্গ ব্যতীত এই সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থাসমূহের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

পরিশিষ্ট-'খ

১। জনাব সতীশ চন্দ্র রায়
মাননীয় প্রতিমন্ত্রী,
মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়।

২। এ,এইচ,এম, আবদুল হাই,
সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৩। ডঃ এ,টি,এম, শামসুল হুদা
সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।

৪। ডঃ এ,এম,এম, শওকত আলী
সচিব, কৃষি মন্ত্রণালয়।

৫। জনাব আইয়ুব কাদরী
সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়।

৬। সৈয়দ মারগুব মোর্শেদ
সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

৭। জনাব এ, কে, এম, শামসুল হক
চেয়ারম্যান, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৮। ডঃ আইনুন নিশাত
অধ্যাপক, প্রকৌশল বিশ্ববিদ্যালয়
এবং
কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, আই,ইউ,সি,এন।

৯। ডঃ এম, মনোয়ার হোসেন
অধ্যাপক, পানি সম্পদ প্রকৌশল বিভাগ,
প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

১০। জনাব এ, কে, এম, হালিমুর রহমান
মহাপরিচালক, ওয়ারপো।

উল্লিখিত সদস্যবর্গ ব্যতীত এই সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থাসমূহের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।